গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
পঞ্চগড় সদর, পঞ্চগড়
doict.panchagarhsadar.panchagarh.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৭৭৭৩.০০০.০৬.০০১.২৩-৪

তারিখঃ ৮ই মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের "Digital Service Employment and Technical Center (D-SET)" সেট পরিচালনা গাইডলাইনের শর্তানুযায়ী বিলুপ্ত ছিটমহলগুলোর পিছিয়ে পড়া জনগোষ্ঠী আর্থ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন, আইসিটি ইকো সিস্টেম সরাসরি সম্পৃক্তকরণ ও সক্ষমতা বৃদ্ধিসহ সরকারি বিভিন্ন সেবা গ্রহণ/ ব্যবহার সুযোগ সৃষ্টির লক্ষ্যে D-SET পরিচালনার নিমিত্ত উদ্যোক্তা নিয়োগের জন্য পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/ প্রয়োজনীয় যোগ্যতা | বেতন ভাতাদি | কর্মস্থল | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ০১ | উদোক্তা (ডি –সেট সেন্টার) পদের সংখ্যাঃ ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মিনিমাম এইচএসসি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ থাকতে হবে। অথবা কম্পিউটার বিষয়ে তিন বছরের ডিপ্লোমা থাকতে হবে। আউট সোর্সিং/ফ্রি-ল্যান্সিং কাজের সাথে সংশ্লিষ্টদের অগ্রাধিকার দেওয়া হবে। | "Digital Service Employment & Training Center (D-SET)" পরিচালনা গাইডলাইনের শর্তানুযায়ী | D-SET সেন্টার সাবেক গাড়াতি ছিট মহল, মফিজার রহমান কলেজ মাঠ সংলগ্ন | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২ | নিরাপত্তা প্রহরী পদের সংখ্যাঃ ০১টি | কোন স্বীকৃত বোর্ড হতে মিনিমাম জেএসসি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | "Digital Service Employment & Training Center (D-SET)" পরিচালনা গাইডলাইনের শর্তানুযায়ী | D-SET সেন্টার, সাবেক গাড়াতি ছিট মহল, মফিজার রহমান কলেজ মাঠ সংলগ্ন | সরাসরি নিয়োগের মাধ্যমে |

### আবেদনের শর্তাবলী:

১) চাকুরীর নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনপত্র ছক যথাযথভাবে পূরণ পূরণপূর্বক নিজ স্বাক্ষরযুক্ত আবেদন পত্র আগামী ০৮/০২/২০২৪ তারিখের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড় সদর, পঞ্চগড় বরাবরের রেজিস্টার ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।খামের উপরে পদের নাম ও ঠিকানা লিখতে হবে।

২) আবেদনকারীকে পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে ০২ নং ক্রমিকে উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

৩) আবেদনের সাথে প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি রঙিন ছবি

খ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি

গ) ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সত্যায়িত কপি

ঘ) নিজ ইউনিয়নের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র

৪) আবেদনকারীকের যেকোন তফসিলি ব্যাংক হতে সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড় সদর, পঞ্চগড় এর অনুকুল ০১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/– (পাঁচশত) টাকা এবং ০২ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ৩০০/– (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দখিল করতে হবে।

৫) আবেদনকারীর যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক সে ঠিকানা সম্বলিত ১০/– টাকার ডাক টিকিটযুক্ত ১টি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬) নিরাপত্তা প্রহরী নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার মেধাক্রম ও মানসিক যোগ্যতাসহ সরকার নির্ধারিত বিভিন্ন কোটা (মুক্তিযোদ্ধা/গ্রাম পুলিশ, পোষ্য/ আনসার ভিডিপি ইত্যাদি) পদ্ধতি যতদূর সম্ভব অনুসরণ করা হবে। প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধোর সনদপত্রের সত্যায়িত কপি ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ করে নিজ ইউপি চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র এবং অন্যান্য কোটায় নিয়োগে ইচ্ছুক প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৭) নিয়োগের বিষয়ে কোন তদবির সুপারিশের অযোগ্যতা বলে বিবেচিত হবে। সে ক্ষেত্রে প্রার্থীর আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিলসহ যে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

৯) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ/বাছাইয়ে অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ ডি এ প্রদান করা হবে না।

১০) কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এ জন্য দায়ী থাকবেন না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে যে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

22/1/24

মোঃ জাকির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
D-SET পরিচালনা কমিটি
পঞ্চগড় সদর পঞ্চগড়
০২৫৮৯৯৪২০৩২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়
doict.panchagarhsadar.panchagarh.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৭৭৭৩.০০০.০৬.০০১.২৩-৪

তারিখঃ ৮ই মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থেঃ**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৫। প্রোগ্রামার(দায়িত্বে), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড়।
৬। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৭। জনাব ........................................................., পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৮। অফিস কপি।

22/1/24

সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
পঞ্চগড় সদর পঞ্চগড়